

# বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম

বাগাতিপাড়া  
(নাটোর) প্রতিনিধি

০১ আগস্ট,  
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



বাগাতিপাড়ায় শিক্ষা বোর্ডের নির্দেশনা উপেক্ষা করে স্কুলের ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়ার অভিযোগ উঠেছে চাঁদপুর রফাতুল্যা সোনার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে। গতকাল বুধবার সকালে শিক্ষার্থী এবং অভিভাবকদের পক্ষ থেকে ইউএনও, শিক্ষা কর্মকর্তাসহ বিভিন্ন দপ্তরে লিখিত অভিযোগ দেওয়া হয়। অভিযোগ সূত্রে জানা যায়, ওই বিদ্যালয়ের প্রধান

শিক্ষক আইয়ুব আলী শিক্ষার্থী এবং অভিভাবকদের না জানিয়েই গোপনে ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়া করেছেন।

অভিভাবকরা বিষয়টি জানতে পেরে এ বিষয়ে জানতে চাইলে প্রধান শিক্ষক কমিটি গঠনের প্রক্রিয়ার কথা অস্বীকার করেন।

প্রধান শিক্ষক আইয়ুব আলী ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়ার কথা অস্বীকার করে বলেন, ‘কমিটির মেয়াদ এখনো শেষ হয়নি। তবে এমপি মহোদয়ের নির্দেশের অপেক্ষায় রয়েছি, তিনি নির্দেশ দিলে নতুন কমিটি গঠন করব।’